গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৮ – ৩০ জুন, ২০১৯

# সূচিপত্র

**উপক্রমণিকা**

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি

সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চুড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

**সংযোজনী ১:** শব্দসংক্ষেপ (Acronyms)

**সংযোজনী ২:** কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

**সংযোজনী ৩:** কর্মসম্পাদন লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরন এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা

এবং

সচিব, মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ১১ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

# প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Performance Overview of the Department of Livestock Services)

**সাম্প্রতিক অর্জন , চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের প্রধান অর্জনসমূহ:**

কৃষি নির্ভর বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়ন ও অগ্রযাত্রায় প্রাণিসম্পদ অধিদপ্তর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। দেশের প্রাণিজ আমিষের চাহিদা পূরণের ক্ষেত্রে গবাদিপশু, হাঁস-মুরগি ও দুধ উৎপাদন বৃদ্ধিসহ সংরক্ষণ, রোগ নিয়ন্ত্রণ ও জাত উন্নয়নে এখাতে রয়েছে অভাবনীয় সাফল্য। এ ধারাবাহিকতায় সম্প্রীতি বাংলাদেশ মাংস উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ হয়েছে। ২০১৬-১৭ অর্থবছরে জিডিপিতে স্থিরমূল্যে প্রাণিসম্পদ খাতের অবদান ১.৬০% এবং প্রবৃদ্ধির হার ৩.৩২% (বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা, ২০১৭)। মোট কৃষিজ জিডিপি'তে প্রাণিসম্পদ খাতের অবদান ১৪.৩১%। তাছাড়া ২০১৬-১৭ অর্থ বছরে প্রাণিসম্পদ খাতে জিডিপির আকার ছিল ৩৬,০২৬ কোটি টাকা যা বিগত ২০১৫-১৬ অর্থ বছরের তুলনায় ২৮৬১ কোটি টাকা বেশি (বিবিএস, ২০১৬-১৭) । তাছাড়া ২০১৬-১৭ অর্থ বছরে প্রাণিসম্পদ খাতে উৎপাদিত কাঁচা ও প্রক্রিয়াজাত পণ্য রপ্তানি আয় ছিল প্রায় ৪৬০৫.৩০ কোটি টাকা (ইপিবি, ২০১৬-১৭)। জনসংখ্যার প্রায় ২০% প্রত্যক্ষ এবং ৫০% পরোক্ষভাবে প্রাণিসম্পদ খাতের ওপর নির্ভরশীল। অধিকন্তু প্রাণিজ আমিষের প্রধান উৎস মাংস, দুধ ও ডিমের উৎপাদন বিগত তিন বছরে যথাক্রমে ২২.১০%, ৩৩.২০% ও ৩৫.৮১% বৃদ্ধি পেয়েছে। তাই বর্তমানে মাংস, দুধ ও ডিমের জন প্রতি প্রাপ্যতা বেড়ে যথাক্রমে ১২১.৭৪ গ্রাম/দিন, ১৫৭.৯৭ মি.লি/দিন ও ৯২.৭৫ টি/বছর এ উন্নীত হয়েছে যা দেশের ক্রমবর্ধমান জনগোষ্ঠীর প্রাণিজ আমিষের চাহিদা মেটাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বিগত তিন বছরে প্রাণিসম্পদ সেক্টরের অর্জনসমূহ নিম্নরূপ:

| উৎপাদিত পণ্য | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | ২০১৬-১৭ |
|---|---|---|---|
| মাংস (লক্ষ মেট্রিক টন) | ৫৮.৬০ | ৬১.৫২ | ৭১.৫৪ |
| দুধ (লক্ষ মেট্রিক টন) | ৬৯.৭০ | ৭২.৭৫ | ৯২.৮৩ |
| ডিম (কোটি) | ১০৯৯.৫২ | ১১৯১.২৪ | ১৪৯৩.৩১ |

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :**

গবাদিপশুর গুণগত মানসম্পন্ন খাদ্যের অপ্রতুলতা, রোগের প্রাদুর্ভাব, সুষ্ঠু সংরক্ষণ ও বিপণন ব্যবস্থার অভাব, লাগসই প্রযুক্তির অভাব, সচেতনতার অভাব, প্রণোদনামূলক উদ্যোগের অভাব, উৎপাদন সামগ্রীর উচ্চ মূল্য, জলবায়ু পরিবর্তনের প্রভাব, সীমিত জনবল ও বাজেট প্রাণিসম্পদ উন্নয়নে অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) অর্জনের নিমিত্তে প্রাণিজাত পণ্যের যথাযথ উৎপাদন নিশ্চিত করার লক্ষ্যে বাজার ব্যবস্থার সংযোগ জোরদারকরণ, পণ্যের বহুমুখীকরণ, ফুড সেফটি নিশ্চিতকরণ এবং ক্যাটেল ইনসুরেন্স ব্যবস্থা প্রবর্তন করা হবে । ২০২১ সালের মধ্যে জনপ্রতি দুধ, মাংস ও ডিমের চাহিদার লক্ষমাত্রা যথাক্রমে ১৭০.৮৯ মিলি/দিন, ১২৩.৫০ গ্রাম/দিন ও ১০৮টি/বছর পূরণের জন্য প্রাণিসম্পদ অধিদপ্তর বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। গবাদিপশু ও পাখির রোগ নিয়ন্ত্রণ, নজরদারি, চিকিৎসা সেবার গুণগত মান উন্নয়ন এবং রোগ অনুসন্ধান গবেষণাগার স্থাপন করা হবে । দুগ্ধ ও মাংসল জাতের গরু উৎপাদন বৃদ্ধির জন্য কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে গরু-মহিষের জাত উন্নয়ন এবং অধিক মাংস উৎপাদন ক্ষমতা সম্পন্ন গরুর জাত উন্নয়ন। পশু খাদ্যের সরবরাহ বাড়াতে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ, টিএমআর প্রযুক্তির প্রচলন ও পশু খাদ্যের মান নিয়ন্ত্রণ গবেষণাগার স্থাপন। তাছাড়া প্রাণিসম্পদের টেকসই উৎপাদন নিশ্চিত করার পাশাপাশি প্রাণিজ আমিষের নিরাপত্তা বিধান, আপামর জনগোষ্ঠীর পুষ্টির চাহিদাপূরণ, রপ্তানি আয় বৃদ্ধি ও অভিষ্ঠ জনগোষ্ঠীর অংশ গ্রহণের মাধ্যমে কাঙ্খিত আর্থসামাজিক উন্নয়ন নিশ্চিতকরণ। সর্বোপরি, প্রাণিসম্পদ অধিদপ্তরের সাথে সংশ্লিষ্ট SDG-এর ৯টি অভীষ্ট ও ২৮টি লক্ষ্যমাত্রা অর্জনে প্রাণিসম্পদ অধিদপ্তর ইতোমধ্যে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে যা ২০৩০ সালের SDG বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

**২০১৮- ১৯ অর্থ বছরে সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- গবাদিপশুর উৎপাদনশীলতার বৃদ্ধির মাধ্যমে দুধ, মাংস এবং ডিমের উৎপাদন যথাক্রমে ৯৮.১৭ লক্ষ মেট্রিক টন, ৭৩.৮৩ লক্ষ মেট্রিক টন এবং ১৬৬৩ কোটিতে উন্নীত করা;
- রোগ প্রতিরোধে ২৮ কোটি টিকা উৎপাদন এবং ২৫ কোটি গবাদিপশু-পাখিকে কে টিকা প্রদান;
- গবাদিপশু-পাখির দ্রুত রোগ নির্ণয়ে ৭০০০০ নমুনা পরীক্ষা করা;
- পশুখাদ্য আইন-২০১০ ও পশুখাদ্য বিধিমালা-২০১৩ বাস্তবায়নে ৪৫০০০ টি খামার/ফিডমিল/ হ্যাচারি পরিদর্শন করা;
- গবাদিপশুর জাত উন্নয়ন ও সংরক্ষণে দেশব্যাপি প্রায় ৩৬.৫০ লক্ষ গাভী কে কৃত্রিম প্রজনন করা;
- গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধিতে ২০০০০ টি উঠান বৈঠক পরিচালনা করা;
- গবাদিপশু ও হাঁসমুরগির খাদ্যে ও অন্যান্য প্রাণিজাত পন্যের গুনগত মান নিয়ন্ত্রণে ৪০০ টি মোবাইল কোর্ট পরিচালনা করা;
- জীব নিরাপত্তা ও নিরাপদ প্রাণিজ খাদ্য নিশ্চিতকল্পে খামারী পর্যায়ে ২১০ টি পোল্ট্রি খামার রেজিস্ট্রেশন ও নবায়ন এবং ১৮০ টি গবাদিপশুর খামার রেজিস্ট্রেশন ও নবায়ন করা;
- কসাইদের দক্ষতা বৃদ্ধির জন্য ১০০০ জন কসাইকে প্রশিক্ষণ প্রদান করা।

## সেকশন ১:

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প** (Vision) :

সকলের জন্য নিরাপদ, পর্যাপ্ত ও মানসম্মত প্রাণিজ আমিষ।

**১.২ অভিলক্ষ্য** (Mission) :

প্রাণিসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি এবং মূল্য সংযোজনের (Value addition) মাধ্যমে প্রাণিজ আমিষের চাহিদাপূরণ।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ** (Strategic Objectives):

১.৩.১ অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. গবাদিপশু-পাখির উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি;

২. গবাদিপশু-পাখির রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ;

৩. মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি;

৪. নিরাপদ প্রাণিজাত পণ্য (দুধ, মাংস ও ডিম) উৎপাদন, আমদানী ও রপ্তানি বৃদ্ধিতে সহায়তা;

৫. গবাদিপশু-পাখির জেনেটিক রিসোর্স সংরক্ষণ ও উন্নয়ন।

১.৩.২ **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ;

২. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন;

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন;

৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ।

**১.৪ কার্যাবলি** (Functions):

১.৪.১ দুধ, মাংস,ও ডিমের উৎপাদন বৃদ্ধি করা;

১.৪.২ গবাদিপশু-পাখির চিকিৎসা, রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ;

১.৪.৩ গবাদিপশু-পাখির কৃত্রিম প্রজনন সম্প্রসারণ;

১.৪.৪ গবাদিপশু-পাখির পুষ্টি উন্নয়ন;

১.৪.৫ গবাদিপশু-পাখির জাত উন্নয়ন;

১.৪.৬ প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ ও প্রাণিজাত খাদ্যের মান নিয়ন্ত্রণ এবং বৈদেশিক মুদ্রা অর্জন;

১.৪.৭ গবাদিপশু-পাখির খামার ব্যবস্থাপনার উন্নয়ন;

১.৪.৮ গবাদিপশু-পাখির কৌলিকমান সংরক্ষণ ও উন্নয়ন;

১.৪.৯ প্রাণিসম্পদ সম্পর্কিত গবেষণা ও উন্নয়ন;

১.৪.১০ প্রাণিসম্পদ সংক্রান্ত আইন, বিধিমালা ও নীতিমালা প্রণয়ন, হালনাগাদকরণ এবংবাস্তবায়ন;

১.৪.১১ প্রাণিসম্পদ বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন।

## সেকশন ২

## দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| দুধ উৎপাদন বৃদ্ধি | জনপ্রতি দুধের প্রাপ্যতা | পরিমাণ (মিলি/দিন) | ১৫৭.৯৭ | ১৫২.৮৩ | ১৬২.৪৩ | ১৬৬.৭৪ | ১৭০.৮৯ | বিএলআরআই, মিল্কভিটা, উন্নয়ন সহযোগী সংস্থা | প্রাণিসম্পদ অধিদপ্তরের এর বার্ষিক প্রতিবেদন, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা |
| মাংস উৎপাদন বৃদ্ধি | জনপ্রতি মাংসের প্রাপ্যতা | পরিমাণ (গ্রাম/দিন) | ১২১.৭৪ | ১২১.৯৫ | ১২২.৫০ | ১২৩.০০ | ১২৩.৫০ | বিএলআরআই, উন্নয়ন সহযোগী সংস্থা | প্রাণিসম্পদ অধিদপ্তরের এর বার্ষিক প্রতিবেদন, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা |
| ডিম উৎপাদন বৃদ্ধি | জনপ্রতি ডিমের প্রাপ্যতা | পরিমাণ (সংখ্যা/বছর) | ৯২.৭৫ | ৯০.৪৭ | ১০০.৫৩ | ১০৫.৮২ | ১০৮.০০ | বিএলআরআই, উন্নয়ন সহযোগী সংস্থা | প্রাণিসম্পদ অধিদপ্তরের এর বার্ষিক প্রতিবেদন, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা |
| জাতীয় রপ্তানিতে প্রাণিসম্পদ পণ্যের আয় বৃদ্ধি | রপ্তানি আয় | মূল্যমান (কোটি টাকা) | ৪৬০৫.৩০ | ৩১১৬.৬৩ | ৪৬৯৭.৪১ | ৪৭৯১.৩৬ | ৪৮৮৭.১৯ | বাণিজ্য মন্ত্রণালয়, রপ্তানি উন্নয়ন ব্যুরো, উন্নয়ন সহযোগী সংস্থা | রপ্তানি উন্নয়ন ব্যুরো ও বাংলাদেশ ব্যাংক এর প্রতিবেদন। |

*সাময়িক

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষমাত্রাসমূহ

(মোট মান-৭৫)

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performane Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক: ২০১৮-১৯ (Target/Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপন (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | অসাধারণ 100% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| ১.গবাদিপশু-পাখির উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ১৯.০০ | ১.১ গবাদিপশুর জাত উন্নয়নে সিমেন উৎপাদন | উৎপাদিত সিমেন | মাত্রা (লক্ষ) | ৪.০০ | ৪১.৮৩ | ৪০.৪৬ | ৪১.৫০ | ৪১.৩০ | ৪১.১০ | ৪০.৯০ | ৪০.৭০ | ৪২.৩৩ | ৪৩.১৮ |
| | | ১.২ কৃত্রিম প্রজনন সম্প্রসারণ | প্রজননের সংখ্যা | সংখ্যা (লক্ষ) | ৪.০০ | ৩৬.৬৯ | ৩৪.৩৮ | ৩৬.৫০ | ৩৫.৫০ | ৩৪.৫০ | ৩৩.৫০ | ৩২.৫০ | ৩৭.২৩ | ৩৭.৯৭ |
| | | ১.৩ ছাগল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকারি প্রজনন কেন্দ্রে ছাগী প্রজনন | প্রজনন কৃত ছাগী | সংখ্যা | ১.০০ | ২৪৪১ | ২৩৮৮ | ২৬০০ | ২৫০০ | ২৪০০ | ২৩০০ | ২২০০ | ২৬৫২ | ২৭০৫ |
| | | ১.৪ সরকারি খামারে গাভীর বাছুর উৎপাদন | উৎপাদিত বাছুর | সংখ্যা | ১.০০ | ৫৬০ | ৬১৬ | ৬৫০ | ৬৩০ | ৬১০ | ৫৯০ | ৫৭০ | ৬৬৩ | ৬৭৬ |
| | | ১.৫ সংকর জাতের গবাদিপশুর বাছুরের তথ্য সংগ্রহ | তথ্য সংগৃহীত বাছুর | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ১২.৩৬ | ১১.০৯ | ১২.৫০ | ১২.৩০ | ১২.১০ | ১১.৯০ | ১১.৭০ | ১২.৭৫ | ১৩.০০ |
| | | ১.৬ সরকারি খামারে ছাগলের বাচ্চার উৎপাদন | উৎপাদিত বাচ্চা | সংখ্যা | ১.০০ | ১৪৯৪ | ১১২৭ | ১৩০০ | ১২০০ | ১১০০ | ১০০০ | ৯০০ | ১৪০০ | ১৫০০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performane Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক: ২০১৮-১৯ (Target/Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপন (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| | | ১.৭ সরকারি খামারে একদিনের হাঁস মুরগির বাচ্চা উৎপাদন | উৎপাদিত বাচ্চা | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ৪৩.৫০ | ২২.৪১ | ৩৭.০০ | ৩৪.০০ | ৩১.০০ | ২৮.০০ | ২৫.০০ | ৩৭.৭৪ | ৩৮.৪৯ |
| | | ১.৮ পশু খাদ্য নমুনা পরীক্ষাকরণ | পরিক্ষীত নমুনা | সংখ্যা | ২.০০ | ২৮০৩ | ২৯৪০ | ২৯০০ | ২৮৯০ | ২৮৮০ | ২৮৭০ | ২৮৬০ | ২৯৫৮ | ৩০১৭ |
| ২. গবাদিপশু-পাখির রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ | ২৫ | ২.১ টিকা উৎপাদন | উৎপাদিত টিকা | মাত্রা (কোটি) | ৫.০০ | ২৩.০০ | ২২.৫৫ | ২৮.০০ | ২৭.০০ | ২৬.০০ | ২৫.০০ | ২৪.০০ | ২৮.৫৬ | ২৯.১৩ |
| | | ২.২ টিকা প্রদান সম্প্রসারণ | টিকা প্রয়োগকৃত পশুপাখির সংখ্যা | সংখ্যা (কোটি) | ৫.০০ | ২২.০০ | ২৩.৮৯ | ২৫.০০ | ২৪.৫০ | ২৪.০০ | ২৩.৫০ | ২৩.০০ | ২৫.৫০ | ২৬.০০ |
| | | ২.৩ রোগ নির্ণয় করা | পরিক্ষীত নমুনা | সংখ্যা | ৪.০০ | ৬৫০০০ | ৭৫৭২৭ | ৭০০০০ | ৬৯৫০০ | ৬৯০০০ | ৬৮৫০০ | ৬৮০০০ | ৭১০০০ | ৭২০০০ |
| | | ২.৪ গবাদিপশুর চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত পশু | সংখ্যা (কোটি) | ৩.০০ | - | ১.০৮ | ১.০০ | ০.৯ | ০.৮ | ০.৭ | ০.৬ | ১.০০ | ০.৯০ |
| | | ২.৫ হাঁস-মুরগির চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত হাঁস-মুরগি | সংখ্যা (কোটি) | ৩.০০ | - | ১০.৬২ | ৮.৫০ | ৮.৪০ | ৮.৩০ | ৮.২০ | ৮.১০ | ৮.৫০ | ৮.৪০ |
| | | ২.৬ গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ | প্রেরীত নমুনা | সংখ্যা | ২.০০ | ২৭৫২২ | ২৬৯১৫ | ৩০০০০ | ২৮০০০ | ২৬০০০ | ২৪০০০ | ২২০০০ | ৩০৬০০ | ৩১২০০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performane Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক: ২০১৮-১৯ (Target/Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপন (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| | | ২.৭ গবাদিপশু-পাখির ডিজিজ সার্ভিল্যান্স | সার্ভিল্যান্সের সংখ্যা | সংখ্যা | ৩.০০ | ৪৫৮৪ | ৪০৩৬ | ৪৫০০ | ৪০০০ | ৩৫০০ | ৩০০০ | ২৫০০ | ৪৫৯০ | ৪৬৮২ |
| ৩. মানবসম্পদ উন্নয়ণ ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | ১৫ | ৩.১ খামারিদের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণ প্রাপ্ত খামারি | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ১৪.৩৯ | ১.১৬ | ১.২০ | ১.১০ | ১.০০ | ০.৯০ | ০.৮০ | ১.২৫ | ১.৩২ |
| | | ৩.২ কসাইদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণ প্রাপ্ত কসাই | সংখ্যা (জন) | ১.০ | - | - | ১০০০ | ৯০০ | ৮০০ | ৭০০ | ৬০০ | ১৫০০ | ২০০০ |
| | | ৩.৩ গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধিতে উঠান বৈঠকের আয়োজন | আয়োজিত উঠান বৈঠক | সংখ্যা | ৪.০০ | - | ১৮০৭৮ | ২০০০০ | ১৯০০০ | ১৮০০০ | ১৭০০০ | ১৬০০০ | ২০৫০০ | ২১০০০ |
| | | | উঠান বৈঠকে অংশগ্রহণকারী | সংখ্যা (লক্ষ) | ৪.০০ | - | ১.৭৪ | ২.০ | ১.৮০ | ১.৬০ | ১.৪০ | ১.২০ | ২.১০ | ২.২০ |
| | | ৩.৪ ঘাস চাষ সম্প্রসারণ | ঘাস চাষকৃত জমি | একর | ৩.০০ | ৭৪৭.২৫ | ৬৫৪.৮৬ | ৭৫০ | ৬৫০ | ৫৫০ | ৪৫০ | ৩৫০ | ৭৬৫ | ৭৮০ |
| ৪. নিরাপদ প্রাণিজাত পণ্য(দুধ, মাংস ও ডিম) উৎপাদন, আমদানী ও | ১২.০০ | ৪.১ পশুখাদ্য আইন বাস্তবায়নে খামার/ফিডমিল/ হ্যাচারি পরিদর্শন | পরিদর্শনকৃত খামার/ ফিডমিল/ হ্যাচারি | সংখ্যা | ৪.০০ | ৫২৩০৭ | ৩৯৯৮৯ | ৪৫০০০ | ৪৪৫০০ | ৪৪০০০ | ৪৩৫০০ | ৪৩০০০ | ৪৫৯০০ | ৪৬৮৫০ |
| | | ৪.২ পোল্ট্রি খামার রেজিষ্ট্রেশন ও নবায়ন | রেজিষ্ট্রিকৃত খামার | সংখ্যা | ২.০০ | ২১২ | ১৯৪ | ২১০ | ২০০ | ১৯০ | ১৮০ | ১৭০ | ২১৫ | ২৩০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performane Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক: ২০১৮-১৯ (Target/Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপন (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| রপ্তানি বৃদ্ধিতে সহায়তা | | ৪.৩ গবাদিপশুর খামার রেজিষ্ট্রেশন ও নবায়ন | রেজিষ্ট্রিকৃত খামার | সংখ্যা | ২.০০ | ২৫৩ | ২০৩ | ১৮০ | ১৭০ | ১৬০ | ১৫০ | ১০৮ | ১৯০ | ১৯৫ |
| | | ৪.৪ ফিডমিল এবং অন্যান্য প্রতিষ্ঠান রেজিষ্ট্রেশন ও নবায়ন | রেজিষ্ট্রিকৃত ফিডমিল এবং প্রতিষ্ঠান | সংখ্যা | ২.০০ | - | ২৬ | ১৫০ | ১৪০ | ১৩০ | ১২০ | ১১০ | ১৫৫ | ১৬০ |
| | | ৪.৫ প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা | পরিচালিত মোবাইল কোর্ট | সংখ্যা | ২.০০ | - | ৩০১ | ৪০০ | ৩৯০ | ৩৮০ | ৩৭০ | ৩৬০ | ৪১০ | ৪২০ |
| ৫. গবাদিপশু-পাখির জেনেটিক রিসোর্স সংরক্ষণ ও উন্নয়ন | ৪.০০ | ৫.১ প্রজনন পাঁঠা বিতরন | বিতরনকৃত পাঁঠা | সংখ্যা | ২.০০ | ৬১৩ | ৪৯৩ | ৫০০ | ৪৯০ | ৪৮০ | ৪৭০ | ৪৬০ | ৫১০ | ৫২০ |
| | | ৫.২ কেনডিডেট বুল তৈরি | তৈরিকৃত বুল | সংখ্যা | ২.০০ | ৫৫ | ৩৩ | ৩৫ | ৩৩ | ৩১ | ২৯ | ২৭ | ৩৮ | ৪২ |

*সাময়িক

## দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

(মোট মান-২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান-২০১৮-১৯ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | মাঠ পর্যায়ের কার্যালয়ের সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরও ওয়েবসাইটে আপলোড | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ০.৫ | ২০ জুন, ২০১৮ | ২১ জুন, ২০১৮ | ২৪ জুন, ২০১৮ | - | - |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২২ জানুয়ারি, ২০১৯ | ২৩ জানুয়ারি, ২০১৯ |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) মন্ত্রণালয়/বিভাগে | ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ৩১ জানুয়ারি, ২০১৯ | ০৪ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা* | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত** | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত*** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | দপ্তর/সংস্থা কর্তৃক অনলাইন সেবা চালু করা | নূন্যতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | ১০ জানুয়ারি, ২০১৯ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ | ৩১ মার্চ, ২০১৯ | ৩০ এপ্রিল, ২০১৯ |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্ত কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের হালনাগাদকৃত ডাটাবেইজ ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান-২০১৮-১৯ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| | | | ডাটাবেজ অনুযায়ী নূন্যতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ০৮ এপ্রিল, ২০১৯ | ২২ এপ্রিল, ২০১৯ | ০২ মে, ২০১৯ | ১৬ মে, ২০১৯ | ৩০ মে, ২০১৯ |
| | | সিটিজেনস চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | % | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়ন জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| আর্থিক ও সম্পদ ব্যসস্থাপনার উন্নয়ন | ৯ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | * | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর/অস্থাবর সম্পত্তি হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকাহালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ | নিষ্পত্তিকৃত | তারিখ | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | নিয়োগ প্রদানকৃত | সংখ্যা | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান-২০১৮-১৯ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন **** | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | সকল অনলাইন সেবা তথ্য বাতায়নে সংযোজিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | দপ্তর/সংস্থার ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৮ অক্টোবর, ২০১৮ | ৩১ অক্টোবর, ২০১৮ | ১৫ নভেম্বর, ২০১৮ | ২৯ নভেম্বর, ২০১৮ | ০৬ ডিসেম্বর, ২০১৮ |

* জনপ্রশাসন প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী উক্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।
**মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।
***মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।
**** মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

আমি, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ............................................ | ২২/৬/২৫ ............................................ |
| মহাপরিচালক<br>প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। | তারিখ |
| ............................................ | ২২/৬/২০২৫ ............................................ |
| সচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। | তারিখ |

# শব্দ সংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | আদ্যক্ষরসমূহ | বর্ণনা |
|---|---|---|
| ১. | এআই | কৃত্রিম প্রজনন (Artificial Insemination) |
| ২. | বিএলআরআই | বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান (Bangladesh Livestock Research Institute) |
| ৩. | বিবিএস | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (Bangladesh Bureau of Statistics) |
| ৪. | ডিএলএস | প্রাণিসম্পদ অধিদপ্তর (Department of Livestock Services) |
| ৫. | ইপিবি | এক্সপোর্ট প্রমোশন ব্যুরো (Export Promotion Bureau) |
| ৬. | এফএও | খাদ্য ও কৃষি সংস্থা (Food and Agriculture Organization) |
| ৭. | জিডিপি | মোট দেশজ উৎপাদন (Gross Domestic Product) |
| ৮. | এমওএফএল | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (Ministry of Fisheries and Livestock) |
| ৯. | এনজিও | বেসরকারি সংস্থা (Non Government Organization) |
| ১০. | এসডিজি | টেকসই উন্নয়ন অভীষ্ট (Sustainable Development Goal) |
| ১১. | টিএমআর | টোটাল মিক্সড রেশন (Total Mixed Ration) |

## সংযোজনী -২

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্ম সম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | গবাদিপশুর জাত উন্নয়নে সিমেন উৎপাদন | উৎপাদিত সিমেন | অধিক দুধ উৎপাদন বৈশিষ্ট্য সম্বলিত সুপেরিয়র ষাঁড় হতে সিমেন উৎপাদিত হয়। দুধ ও মাংস উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে এই সিমেন দ্বারা গাভী/বকনাকে কৃত্রিম প্রজনন করানো হয়। সিমেন কেন্দ্রীয় গো-প্রজনন কেন্দ্র থেকে জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র হয়ে বিভিন্ন উপকেন্দ্র এবং পয়েন্টসমূহে উপ-পরিচালক (এ/আই) –এর তত্ত্বাবধানে সরবরাহ করা হয়ে থাকে। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত রাজস্ব ও প্রকল্প কার্যক্রম |
| ২ | কৃত্রিম প্রজনন সম্প্রসারণ | প্রজননের সংখ্যা | গবাদিপশুর জাত উন্নয়নে কৃত্রিম প্রজনন একটি পদ্ধতি যার মাধ্যমে গাভীকে নির্দিষ্ট সময়ে কৃত্রিম উপায়ে প্রজনন করা হয়। এটি গবাদিপশুর জাত উন্নয়ন তথা দুধ এবং মাংস উৎপাদন বৃদ্ধির জন্য আবশ্যক। সকল জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, উপকেন্দ্র এবং পয়েন্ট সমূহে অভিজ্ঞ মাঠকর্মী/কৃত্রিম প্রজনন কর্মীর মাধ্যমে মাঠ পর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত রাজস্ব ও প্রকল্প কার্যক্রম |
| ৩ | ছাগল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকারি প্রজনন কেন্দ্রে ছাগী প্রজনন করা | প্রজননকৃত ছাগীর সংখ্যা | নির্দিষ্ট সময়ে প্রাকৃতিক উপায়ে ব্লাক বেঙ্গল জাতের প্রজননক্ষম পাঁঠা দ্বারা ছাগীকে প্রজনন করানো হয়। দেশব্যাপী ২২ টি জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্রের মাধ্যমে এ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। পর্যায়ক্রমে এ কার্যক্রম উপজেলা পর্যন্ত সম্প্রসারণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | দেশীয় এই জাত সংরক্ষণ করা প্রয়োজন |
| ৪ | সরকারি খামারে গাভীর বাছুর উৎপাদন | উৎপাদিত বাছুরের সংখ্যা | সরকারি ০৮ টি গো-প্রজনন ও দুগ্ধ খামারে নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে বাছুর উৎপাদন, পালন এবং পরবর্তীতে প্রজননের উদ্দেশ্যে ব্যবহৃত হয়। তাছাড়া বাগেরহাট জেলায় অবস্থিত একটি সরকারি মহিষ উন্নয়ন খামারেও মাংস ও দুধ উৎপাদন বৃদ্ধির উদ্দেশ্যে মহিষের গাভির বাছুর উৎপাদন, পালন এবং পরবর্তীতে প্রজননের উদ্দেশ্যে ব্যবহৃত হয়। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ৫ | সংকর জাতের গবাদিপশুর বাছুর উৎপাদন | উৎপাদিত বাছুরের তথ্য সংগ্রহ | দেশব্যাপী কৃত্রিম প্রজনন কেন্দ্র, উপকেন্দ্র ও পয়েন্টের মাধ্যমে পরিচালিত এ.আই কার্যক্রমের ফলাফল হিসেবে উৎপাদিত সংকর জাতের বাছুর খামারী ও পারিবারিক পর্যায়ে পালন করা হয়ে থাকে এবং মাঠ পর্যায়ে বাছুরগুলোর তথ্য সংরক্ষণ করা হয় ও পরবর্তীতে প্রজনন কাজে ব্যবহার করা হয়। | ডি.এল.এস এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | বাছুর মৃত্যু প্রতিরোধের জন্য কর্মসূচী/ উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ৬ | সরকারি খামারে ছাগলের বাচ্চার উৎপাদন | উৎপাদিত বাচ্চা | সরকারি ০৭ টি ছাগল উন্নয়ন খামারে নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে ব্লাকবেঙ্গল ছাগলের বাচ্চা উৎপাদন, পালন এবং পরবর্তীতে মাঠ পর্যায়ে ছাগলের প্রজননের উদ্দেশ্যে ব্যবহৃত হয়। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | দেশীয় এই জাত সংরক্ষণ করা প্রয়োজন এবং উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ৭ | সরকারি খামারে একদিনের হাঁস-মুরগির বাচ্চা উৎপাদন | উৎপাদিত বাচ্চা | সরকারি হাঁস-মুরগি খামারে উৎপাদিত একদিনের হাঁস-মুরগির বাচ্চা পোল্ট্রি খামার সম্প্রসারণে সরবরাহ করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত রাজস্ব ও প্রকল্প কার্যক্রম |
| ৮ | পশু খাদ্য নমুনা পরীক্ষাকরণ | পরিক্ষীত নমুনা | পশুখাদ্যের গুণগত মান সমুন্নত রাখার লক্ষ্যে প্রাণী পুষ্টি গবেষণাগার এবং জেলা প্রাণী হাসপাতালের প্রাণিপুষ্টি মিনি গবেষণাগারে পশুখাদ্যের নমুনা পরীক্ষা এবং বিশ্লেষণ করা হয়। | ডি.এল.এস এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | কেন্দ্রীয় ও মাঠ পর্যায়ে গবেষণাগার প্রয়োজন |
| ৯ | টিকা উৎপাদন | উৎপাদিত টিকা | উৎপাদিত টিকা গবাদিপশু ও পাখির বিভিন্ন মারাত্মক রোগের প্রতিষেধক হিসেবে ব্যবহৃত হয়। প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক ১৭ প্রকারের টিকা উৎপাদন ও মাঠ পর্যায়ে সরবরাহ করা হয়। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত রাজস্ব ও প্রকল্প কার্যক্রম |
| ১০ | টিকা প্রদান সম্প্রসারণ | টিকা প্রয়োগকৃত পশু-পাখি | গবাদিপশু-পাখির রোগ-প্রতিরোধ ক্ষমতা সৃষ্টির লক্ষ্যে টিকা প্রদান করা হয়ে থাকে। ভিএফএ এবং অন্যান্য মাঠ কর্মী মাঠ পর্যায়ে টিকা প্রদান করে থাকে। | ডি.এল.এস, এনজিও ও বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | উন্নয়ন প্রকল্প প্রয়োজন |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্ম সম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১১ | রোগ নির্ণয় করা | পরিক্ষীত নমুনা | ১ টি কেন্দ্রীয় প্রাণিরোগ অনুসন্ধান গবেষণাগার এবং ৭ টি আঞ্চলিক প্রাণিরোগ অনুসন্ধান গবেষণাগারে গবাদিপশু-পাখির রোগ নির্ণয়ের লক্ষ্যে নমুনা পরীক্ষা করা হয়। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |
| ১২ | গবাদিপশুর চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত পশুর | দেশের প্রতিটি উপজেলা, জেলা প্রাণী হাসপাতাল এবং কেন্দ্রীয় প্রাণী হাসপাতালে ভেটেরিনারি সার্জন কর্তৃক অসুস্থ/রোগাক্রান্ত গবাদিপশুর চিকিৎসা সেবা প্রদান করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | মোবাইল ভেটেরিনারি সেবা প্রয়োজন |
| ১৩ | হাঁস মুরগির চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত হাঁস মুরগি | দেশের প্রতিটি উপজেলা, জেলা প্রাণী হাসপাতাল এবং কেন্দ্রীয় প্রাণী হাসপাতালে ডিএলএস এর ভেটেরিনারি সার্জন কর্তৃক অসুস্থ/রোগাক্রান্ত হাঁস মুরগির চিকিৎসা সেবা প্রদান করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | মোবাইল ভেটেরিনারি সেবা প্রয়োজন |
| ১৪ | গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ | প্রেরীত নমুনা | উপজেলা পর্যায় থেকে গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে বিভিন্ন প্রকার নমুনা সংগ্রহ করে সিডিআইএল বা নিকটস্থ এফডিআইএল এ প্রেরণ করা হয়। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |
| ১৫ | গবাদিপশু-পাখির ডিজিজ সার্ভিল্যান্স | সার্ভিল্যান্সকৃত রোগ সংক্রমনের সংখ্যা | উপজেলা পর্যায় থেকে গবাদিপশু-পাখির বিভিন্ন রোগ সংক্রমণ হয়ে থাকে যা নিয়মিত তদারকি করা হয় এবং সে অনুযায়ী রোগ নিয়ন্ত্রণ কার্যক্রম গ্রহণ করা হয়। | ডি.এল.এস | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |
| ১৬ | খামারিদের প্রশিক্ষণ | প্রশিক্ষণপ্রাপ্ত খামারি | মাঠ পর্যায়ের খামারিদের গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক খামার ব্যবস্থাপনা, রোগ নিয়ন্ত্রণ ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। উল্লেখ্য যে, প্রাণিসম্পদ অধিদপ্তরের রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় খামারি প্রশিক্ষণসমূহ এ কার্যক্রমের আওতাভুক্ত থাকবে। | ডি.এল.এস, এনজিও এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ১৭ | কসাইদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণপ্রাপ্ত কসাই | মাঠ পর্যায়ে বিভিন্ন গবাদিপশুর জবাইখানায় সঠিক এবং স্বাস্থ্যসম্মত উপায়ে পশু জবাই, চামড়া ছাড়ানো, মাংস সংরক্ষণ ও বিক্রয়, জবাই খানার প্রাণিজ উপজাত (রক্ত, হাড়, ক্ষুর, পাকস্থলি প্রভৃতি) সংরক্ষণ ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। এ প্রশিক্ষণটি জনস্বার্থে প্রাণিসম্পদ অধিদপ্তরের রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় পরিচালিত হয়ে থাকে। | ডি.এল.এস, এনজিও এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ১৮ | গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধিতে উঠান বৈঠকের আয়োজন | আয়োজিত উঠান বৈঠক | মাঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তাগণ ক্ষুদ্র এবং মাঝারী গবাদিপশু-পাখির খামার প্রতিষ্ঠায় ও গবাদিপশু-পাখি পালনে সাধারণ উদ্যোক্তাগণকে উঠান বৈঠক এর মাধ্যমে কারিগরী ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করে থাকে। | ডি.এল.এস এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | আধুনিক প্রযুক্তি ও উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| | | উঠান বৈঠকে অংশগ্রহণকারী | মাঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তাগণ ক্ষুদ্র এবং মাঝারী গবাদিপশু-পাখির খামার প্রতিষ্ঠায় ও গবাদিপশু-পাখি পালনে কারিগরী ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করার উদ্দেশ্যে উঠান বৈঠকে অংশগ্রহণ করার জন্য খামারী ও সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করে থাকেন। | ডি.এল.এস এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | আধুনিক প্রযুক্তি ও উন্নয়ন প্রকল্প প্রয়োজন |
| ১৯ | ঘাস চাষ সম্প্রসারণ | ঘাস চাষকৃত জমি | ফডার এক প্রকারের সবুজ ঘাস যা গবাদিপশুর প্রয়োজনীয় পুষ্টি সরবরাহ করে। নেপিয়ার, পারা, জার্মান এবং ভুট্টা উন্নত জাতের ঘাস। প্রাণিসম্পদ অধিদপ্তরের অধীনে সরকারি দুগ্ধ খামার, বিভিন্ন জেলা, উপজেলা দপ্তরে এবং খামারীর জায়গায় ঘাসের নার্সারী ও প্রদর্শনী প্লট স্থাপন করা হয়ে থাকে। | ডি.এল.এস, এনজিও এবং বেসরকারি উদ্যোক্তা | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | প্রক্রিয়াজাতকরণ প্রযুক্তির আধুনিকায়ন প্রয়োজন |
| ২০ | পশুখাদ্য আইন বাস্তবায়নে খামার/ফিডমিল/ হ্যাচারি পরিদর্শন | পরিদর্শনকৃত খামার/ ফিড মিল/ হ্যাচারি | বিভিন্ন খামার, ফিড মিল এবং হ্যাচারিসমূহের রেজিস্ট্রেশন, লাইসেন্স নবায়ন, প্রাণিসম্পদ সংশ্লিষ্ট বিভিন্ন আইন ও বিধিমালার সফল বাস্তবায়ন, খামারের বায়োসিকিওরিটি ও সার্বিক গুণগত মান রক্ষা এবং প্রাণিজাত নিরাপদ খাদ্য নিশ্চিত করার স্বার্থে প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ কর্তৃক নিয়মিত পরিদর্শন করা হয়। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |
| ২১ | পোল্ট্রি খামার রেজিষ্ট্রেশন ও নবায়ন | রেজিষ্ট্রিকৃত খামার | মাঠ পর্যায়ে খামারীদের প্রাণিসম্পদ উপকরণাদি সরবরাহ করার জন্যে এবং খামারের গুণগত মান রক্ষার জন্যে ডিএলএস কর্তৃক পোল্ট্রি খামারের (ব্রয়লার,লেয়ার, হাঁস, হ্যাচারী/প্যারেন্টস্টক) রেজিষ্ট্রেশন ও নবায়ন করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |



৯

| ক্রমিক নং | কার্যক্রম | কর্ম সম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ২২ | গবাদিপশুর খামার রেজিষ্ট্রেশন ও নবায়ন | রেজিষ্ট্রিকৃত খামার | মাঠ পর্যায়ে খামারীদের প্রাণিসম্পদ উপকরণাদি সরবরাহ করার এবং খামারের গুনগত মান রক্ষার জন্যে ডিএলএস কর্তৃক গরু, ছাগল/ভেড়া ও মহিষের খামারের রেজিষ্ট্রেশন ও নবায়ন করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |
| ২৩ | ফিডমিল এবং অন্যান্য প্রতিষ্ঠান রেজিষ্ট্রেশন ও নবায়ন | রেজিষ্ট্রিকৃত ফিডমিল এবং প্রতিষ্ঠান | প্রাণিসম্পদ সংশ্লিষ্ট ফিডমিল, ভিটামিন মিনারেল প্রিমিক্স, ফিড এডিটিভস ও অন্যান্য পশুখাদ্য আমদানী, রপ্তানী ও প্রক্রিয়াজাতকরণ প্রতিষ্ঠানকে রেজিষ্ট্রেশন প্রদান ও নবায়ন করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |
| ২৪ | প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা | পরিচালিত মোবাইল কোর্ট | প্রাণিজাত পণ্য, পশুখাদ্যের ভেজাল, বিভিন্ন রাসায়নিক অপদ্রব্য বা ফরমালিন মিশ্রিতকরণ রোধে প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে নির্বাহী ম্যাজিষ্ট্রেট এবং পুলিশ/র‍্যাব বাহিনীর সদস্যদের সহগযোগিতায় হাট-বাজার, পশুখাদ্য মজুদাগার, পশুখাদ্য কারখানা, প্রাণিজাত পণ্য প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান প্রভৃতি স্থানে অভিযান পরিচালনা করা হয়। | ডি.এল.এস, এম.ও.এফ.এল এবং উপজেলা ও জেলা প্রশাসন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, ডিএলএসের বার্ষিক প্রতিবেদন | ম্যাজিষ্ট্রেট ও পুলিশ প্রশাসনের সহযোগিতা প্রয়োজন এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মকর্তাগণকে Cognizance ক্ষমতা প্রদান প্রয়োজন। |
| ২৫ | প্রজনন পাঁঠা বিতরণ | বিতরণকৃত পাঁঠা | ছাগী প্রজননের জন্য উদ্যোগী খামারদেরকে সরকারি ছাগল উন্নয়ন খামার হতে প্রজনন উপযোগী ব্লাকবেঙ্গল পাঁঠা বিতরণ করা হয়ে থাকে। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন | নিয়মিত কার্যক্রম |
| ২৬ | কেনডিডেট বুল তৈরি | তৈরিকৃত বুল | অধিক জেনিটিক গুণাগুণ সম্পন্ন এবং দেশের আবহাওয়া উপযোগী গবাদিপশুর জাত উন্নয়নে প্রোভেন বুল তৈরি করা প্রয়োজন। এ জন্যে মাঠ পর্যায় থেকে যাচাই বাছাই করে অধিক জেনেটিক গুণাগুণ সম্পন্ন ষাঁড় বাছুর সংগ্রহ করে কেনডিডেট বুল (প্রজনন উপযোগী ষাঁড়) তৈরি করা হয়। যা থেকে সিমেন সংগ্রহ করে কৃত্রিম প্রজনন করা হয়। | ডি.এল.এস এবং এম.ও.এফ.এল | ডি.এল.এস এর বার্ষিক প্রতিবেদন, প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন | নিয়মিত রাজস্ব ও প্রকল্পের কার্যক্রম |

সংযোজনী -৩

## অন্য মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পুরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| সরকারি | মন্ত্রিপরিষদ বিভাগ ও জননিরাপত্তা বিভাগ | পরিচালিত মোবাইল কোর্ট | প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা | সহযোগিতা অব্যাহত থাকা এবং বৃদ্ধিকরণ | প্রশাসন ও পুলিশ বিভাগের অংশগ্রহণ আবশ্যক। প্রশাসন ও পুলিশ বিভাগের প্রয়োজনীয় সহযোগিতা পাওয়া সাপেক্ষে অধিক সংখ্যক অভিযান পরিচালনা করা যাবে। |